

### আজ ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

চতুর্থ 'ঢাকা বিশ্ববিদ্যালয়  
দিবস' আজ উদযাপিত হতে যাচ্ছে।  
সকাল ৯টায় কলাভবনের পশ্চিম  
পাশের চত্বরে সম্মিলিত কুচকাওয়াজের  
মাধ্যমে দিবসের আনুষ্ঠানিক  
উদ্বোধন করা হবে। উদ্বোধনী  
অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন  
জাতীয় অধ্যাপক ডাঃ মোহাম্মদ  
ইব্রাহিম, সভাপতিত্ব করবেন উপা-  
চার্য অধ্যাপক আবদুল মান্নান।

দিনটি পালন উপলক্ষে বিস্তা-  
রিত কর্মসূচী নেয়া হয়েছে। সকাল  
থেকে সন্ধ্যা পর্যন্ত বিস্তৃত এসব  
কর্মসূচীর মধ্যে রয়েছে মূর্তনটিক  
সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রীতি খেলাধুলা  
প্রদর্শনী ইত্যাদি। ঢাকা বিশ্ব-  
বিদ্যালয় সাংস্কৃতিক দল ও প্রাক্তন  
ছাত্রছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠানে  
কংশ নেবেন। বিশ্ববিদ্যালয়ের  
সকল বিভাগ, ইনস্টিটিউট, হল,  
লাইব্রেরী, ক্যাফেটেরিয়া প্রভৃতি  
অঙ্গানতদের জন্য বিকেন্দ্র পর্যট  
খোলা থাকবে।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যা-  
লয়ের কর্মধারা ও বর্তমান শিক্ষা  
জীবনের সাথে অভিভাবক  
প্রাক্তন ছাত্রছাত্রী ও শিক্ষানুরা-  
গীদের পরিচয় করিয়ে দেয়ার  
উদ্দেশ্যে ১৯৮৩নং থেকে প্রত্যেক  
বছর ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস  
পালনের প্রচলন করা হয়েছে।